# বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৮৮৩

পর্ব - ৭ঃ ক্রয়-বিক্রয়ের বিধান (كتاب البيوع)

পরিচ্ছেদঃ ৯. যৌথ ব্যবসা ও উকিল নিয়োগ করা - উকিল (ভারপ্রাপ্ত ব্যক্তি) নিয়োগ করার বৈধতা

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ ـرَضِيَ اللَّهُ عَنْهُمَاـ ـ قَالَ: أَرَدْتُ الْخُرُوجَ إِلَى خَيْبَرَ, فَأَتَيْتُ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ فَقَالَ: «إِذَا أَتَيْتَ وَكِيلِي بِخَيْبَرَ, فَخُذْ مِنْهُ خَمْسَةَ عَشَرَ وَسْقًا». رَوَاهُ أَبُو دَاوُدَ وَصَحَّحَهُ

ضعيف. رواه أبو داود (3632)، وفي سند محمد بن إسحاق وهو مدلس وقد عنعنه، ولا أجد مستندًا للحافظ في تحسينه للحديث في «التلخيص» (3/ 51)

বাংলা

৮৮৩. জাবির বিন আবদিল্লাহ (রাঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, আমি খাইবারে যাবার মনস্থ করি। তাই নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে আসলাম। তিনি বললেন- যখন তুমি খাইবারে আমার উকিল বা প্রতিনিধির নিকটে গমন করবে তখন তুমি তার নিকট থেকে পনেরো 'অসক' (খেজুর) নিয়ে নেবে। আবূ দাউদ সহীহ বলেছেন।[1]

ফুটনোট

[1] আবূ দাউদ ৩৬৩৩। শাইখ আলবানী মিশকাতুল মাসাবীহ ২৮৬৫ গ্রন্থে বলেন, ইবন ইসহাক আন আন করে করে হাদীস বর্ণনা করেছেন। সে মুদাল্লিস। তিনি যঈফুল জমে ২৮৮ গ্রন্থে একে দুর্বল বলেছেন। ইমাম শাওকানী নাইলুল আওত্বার ৬/৩ গ্রন্থেও উক্ত রাবীর দিকেই ইঙ্গিত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 󠀠 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=70694

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন